


‘সারা বিশ্বে মেট্রোই যোগাযোগের সবচেয়ে বিশ্বস্ত মাধ্যম’

রজত কর্মকার , EiSamay.Com | Mar 13, 2018, 03.48 PM IST



রজত কর্মকার

ভর সঙ্কেয় কলকাতার রাস্তা মানব-সমুদ্র। না, দুর্গাপূজোয় ঠাকুর দেখার ভিড় নয়। কেনাকাটা করার সময়কার নিউমার্কেটও নয়। স্বেচ্ছ মেট্রো রেল বিভাগে গোট্টা শহর স্তর। এমন অভিজ্ঞতা প্রায় সমস্ত মেট্রোযাত্রীর কোনও না কোনও দিন অবশ্যই হয়ে থাকবে। সে দিন তাঁরা বেশ বুঝতে পারেন যানজটহীন, প্রায় নিঃশব্দে, ধোঁয়া-ধুলো না মেখে অত্যন্ত কম সময়ের মধ্যে গন্তব্যে পৌঁছে দেওয়া এই ‘আশ্চর্য প্রদীপ’ একটু বিগরালে কী হয়!

এটা একটা উদাহরণ মাত্র, সারা বিশ্বেই চিত্রটা কমবেশি একই। ব্যস্ত সময়ে যদি শহরের প্রাণকেন্দ্রে মেট্রো রেল বন্ধ হয়ে যায়, তবে পরিস্থিতি নিত্যযাত্রীদের কাছে অত্যন্ত অসহনীয় হয়ে ওঠে। এর একটা প্রধান কারণ, যে বিপুল সংখ্যক মানুষ মেট্রো রেলে নিত্যদিন যাতায়াত করেন তাঁরা এক সঙ্গে ভূ-তল যানবাহন ব্যবহার করতে গেলে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। এখানেই সারা বিশ্বজুড়ে মেট্রো রেলের প্রয়োজনীয়তা দিন দিন বাড়ছে।



এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাঙ্ক (AIIB) বার্ষিক সভায় অ্যাসোসিয়েটের উদ্যোগে কলকাতার পাঁচতারা হোটেলে এ নিয়েই একটি সেমিনার অনুষ্ঠিত হল ১৩ মার্চ মঙ্গলবার। সেখানে উপস্থিত ছিলেন ভারতীয় অর্থমন্ত্রকের ইনফ্রাস্ট্রাকচার, পলিসি অ্যান্ড ফিন্যান্স-এর জয়েন্ট সেক্রেটারি ড. কুমার বিনয় প্রতাপ, AIIB-র বেজিং শাখার প্রোজেক্ট টিম লিডার এবং ইনভেস্টমেন্ট অপারেশনাল স্পেশালিস্ট সুন সিক লি, নীতি আয়োগের উপদেষ্টা রাকেশ রঞ্জন, লখনৌ মেট্রোরেলের ম্যানেজিং ডিরেক্টর কুমার কেশব, মুম্বই মেট্রো রেলের CEO অভয় মিশ্র, কলকাতা মেট্রোরেল-এর ম্যানেজিং ডিরেক্টর পরশুরাম সিং, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের ডেপুটি কান্ট্রি ডিরেক্টর সব্যসাচী মিত্র, দিল্লি মেট্রোরেলের ম্যানেজিং ডিরেক্টর ড. মাসু সিং, বেঙ্গালুরু মেট্রোরেলের এগজিকিউটিভ ডিরেক্টর দীপা কোটনিস প্রমুখ।

সেমিনারে পরিবেশ বান্ধব যাতায়াতের মাধ্যম, দ্রুত এবং কম সময়ে গন্তব্যে পৌঁছানো, সাধের মধ্যে খরচ ইত্যাদি নিয়ে আলোচনায় প্রত্যেক বারই একটি নাম উঠে এসেছে — মেট্রোরেল। মাটির নীচে হোক বা উপরে, এর চেয়ে দ্রুত শহরের ট্রাফিক কাটিয়ে আর কোনও যানবাহনে দ্রুত যাতায়াত করা সম্ভব নয়। তেমনই পরিবেশ বান্ধব যাতায়াত ব্যবস্থায় সারা বিশ্বে সবচেয়ে জনপ্রিয় মেট্রোরেল। গত এক দশকে ভারতের বিভিন্ন শহরে মেট্রোরেল প্রকল্প গড়ে উঠেছে। এখনও অনেক শহরে কাজ চলছে। উন্নয়নশীল দেশগুলির সঙ্গে খরচে রীতিমতো টেক্সা দিয়ে এই পরিকাঠামো গড়ে তোলা সম্ভব হয়েছে। এটাও বারবার আলোচিত হয়েছে সভায়।

ছবি: রজত কর্মকার